

জেলা ইনোভেশন টিম এর মার্চ/২০১৬ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি: খালেদ মোহাম্মদ জাকী, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) ও জেলা ইনোভেশন অফিসার, মাদারীপুর।

সভার স্থান: অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) এর কক্ষ, মাদারীপুর

তারিখ: ২১ মার্চ, ২০১৬

সময়: বেলা ১১.৩০ টা।

সভায় উপস্থিত ইনোভেশন টিমের অন্যান্য সদস্যবৃন্দ:-

১. জনাব মোহাম্মদ বারিউল করিম খান, সহকারী কমিশনার (আইসিটি) ও সদস্য, জেলা ইনোভেশন টিম, মাদারীপুর।
২. জনাব দীপংকর বর, জেলা তথ্য অফিসার ও সদস্য, জেলা ইনোভেশন টিম, মাদারীপুর।
৩. জনাব শেখ মোঃ নাসির উদ্দিন, উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ও সদস্য, জেলা ইনোভেশন টিম, মাদারীপুর।
৪. জনাব মোঃ শহিদুল ইসলাম, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ও সদস্য, জেলা ইনোভেশন টিম, মাদারীপুর।
৫. জনাব সৈয়দ জাকির হোসেন, সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর ও সদস্য, জেলা ইনোভেশন টিম, মাদারীপুর।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। এছাড়াও নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী আলোচনাতে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের উদ্যোগ গৃহীত হয়।

➤ ১ নং আলোচ্য বিষয়

প্রণয়নকৃত বার্ষিক ইনোভেশন কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি

সিদ্ধান্ত: গত সভার সিদ্ধান্ত মোতাবেক প্রণয়নকৃত উদ্ভাবন কর্মপরিকল্পনা-২০১৬ অনুযায়ী জেলা ইনোভেশন টিম জেলা প্রশাসকের কার্যালয়ের ০৩ টি গুরুত্বপূর্ণ সেবা (যেমন: ১. রেকর্ডরুম হতে পর্চার বিতরণ পদ্ধতি সম্পূর্ণ অনলাইনভিত্তিক করা, যাতে সেবাপ্রত্যাশিরা ভোগান্তি ছাড়াই নিজ নিজ ইউনিয়ন ডিজিটাল সেন্টার হতে অনলাইনেই পর্চার আবেদন করতে পারে এবং পর্চার সরবরাহ পেতে পারে, ২. ই-ফাইলিং এ পত্র নিষ্পত্তির হার সন্তোষজনক করা এবং বাহক নির্ভর পত্র বিনিময় পরিবর্তন করে ই-মেইল এর মাধ্যমে পত্র যোগাযোগ নিশ্চিত করার জন্য এ কার্যালয়ে কর্মরত সহকারী প্রোগ্রামার কর্তৃক শাখাভিত্তিক ই-ফাইলিং ও ই-মেইল ব্যবহার সংক্রান্ত প্রশিক্ষণের ব্যবস্থা করা ৩. শাখাভিত্তিক কর্মরত কর্মচারীর প্রদানকৃত সেবার বিবরণ উপস্থাপনের জন্য ডেভেলপমেন্ট সিটিজেন চার্টার স্থাপন) চিহ্নিতকরণ ও বাস্তবায়নের উদ্যোগ গৃহীত হয়।

➤ ২ নং আলোচ্য বিষয়

সরকারি দপ্তরে নিয়মিত ই-মেইল ব্যবহার নিশ্চিতকরণ।


- ❖ সিদ্ধান্ত: সরকারি পর্যায়ে দপ্তরসমূহের মধ্যে অনলাইনের মাধ্যমে আন্তঃযোগাযোগ শতভাগ নিশ্চিতকরণের নিমিত্ত সকল সরকারি দপ্তরে ই-মেইল এর মাধ্যমে নিয়মিত পত্র বিনিময়কে অগ্রাধিকার দেয়া হয় এবং জেলা উন্নয়ন ও সমন্বয় সভায় অংশগ্রহণকারী দপ্তর প্রধানের গ্রুপ মেইল তৈরি করে উন্নয়ন ও সমন্বয় সভার নোটিশ ও কার্যবিবরণী ই-মেইল এ প্রেরণ শতভাগ নিশ্চিত করার

m

বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় এবং এ বিষয়ে জেলা পর্যায়ের সকল সরকারি দপ্তর প্রধানকে ই-মেইল ব্যবহার বাধ্যতামূলককরণ ও শতভাগ নিশ্চিত করার জন্য জেলা ইনোভেশন টিম সকল সরকারি দপ্তর প্রধানের সাথে যোগাযোগ করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

◆ ৩. বিবিধ আলোচ্য বিষয়

মাসিক ইনোভেশন সভায় সকলের উপস্থিতি ও আন্তরিক উপস্থাপনার জন্য সভাপতি সকলকে ধন্যবাদ জানান এবং সেই সাথে বর্তমান সরকারের রূপকল্প-২০২১ বাস্তবায়নের লক্ষ্যে জনসাধারণকে প্রদত্ত সেবাকে কিভাবে অধিকতর সহজ ও দ্রুততার সাথে সরবরাহ করা যায় এ বিষয়ে জনকল্যাণমূলক সেবাদান পদ্ধতি উদ্ভাবনের উদ্যোগের আহবান ও ডিজিটাল উদ্ভাবনী মেলা-২০১৬ কে সফলভাবে আয়োজনে সকলের ঐকান্তিক সহযোগিতার জন্য ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(খালেদ মোহাম্মদ জাকী)

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)

ও

জেলা ইনোভেশন অফিসার, মাদারীপুর

ফোন: +৮৮০৬৬১-৬২৬২৭


e-mail: adcgmadaripur@gmail.com

স্মারক নং-০৫.৪১.৫৪০০.১২২.০২.০০৫.১৫- 

তারিখঃ ২২ এপ্রিল, ২০১৬

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃ:আ:- সিনিয়র সহকারী সচিব, ই-গভর্নেন্স শাখা)।
২. কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা (দৃ:আ:- সহকারী কমিশনার (উন্নয়ন)।
৩. জেলা প্রশাসক, মাদারীপুর।
৪. জনাব খালেদ মোহাম্মদ জাকী, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) ও জেলা ইনোভেশন অফিসার, মাদারীপুর।
৫. উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা ইনোভেশন অফিসার, মাদারীপুর সদর/কালকিনি/রাজৈর/শিবচর।
৬. জনাব দীপংকর বর, জেলা তথ্য অফিসার ও সদস্য, জেলা ইনোভেশন টিম, মাদারীপুর।
৭. জনাব শেখ মোঃ নাসির উদ্দিন, উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর ও সদস্য, জেলা ইনোভেশন টিম, মাদারীপুর।
৮. জনাব মোঃ শহিদুল ইসলাম, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ও সদস্য, জেলা ইনোভেশন টিম, মাদারীপুর।
৯. জনাব সৈয়দ জাকির হোসেন, সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর ও সদস্য, জেলা ইনোভেশন টিম, মাদারীপুর।



(মোহাম্মদ বারিউল করিম খান)

নেজারত ডেপুটি কালেক্টর ও

সহকারী কমিশনার (আইসিটি)

ফোন: +৮৮০৬৬১-৬১৩৭৭

e-mail: ictcellmadaripur@gmail.com